(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.১৪০৫ তারিখ: ১৮ পৌষ ১৪২৮

০২ জানুয়ারি ২০২২

বিষয়: **MV. SHAMOLI-6 বার্জ, MV. ZUNAIRAH ZARISHA-4 ও MV. ZUNAIRAH ZARISHA-3 জাহাজে আমদানিকৃত মোট ৬৯২৪ (+/-) মে.টন নন বাসমতি সিদ্ধ চালের চলাচল সূচি**

সূত্র: ১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর ২৬/১২/২০২১ খ্রি. তারিখের ১৩.১৭.০০০০.০০৫.৫০.০০১.২১.৯২২৭ নং স্মারক

২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর ২৭/১২/২০২১ খ্রি. তারিখের ১৩.১৭.০০০০.০০৫.৫০.০০১.২১.৯২৯৪ নং স্মারক

৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর ২৮/১২/২০২১ খ্রি. তারিখের ১৩.১৭.০০০০.০০৫.৫০.০০১.২১.৯৩৪৬ নং স্মারক

৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা এর ২৮/১২/২০২১ খ্রি. তারিখের ১৩.০৫.০০০০.০৩২.৪৫.০০১.১৫.৩২৯৫ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জি টু জি-০১ (NAFED) তারিখ : ০৬/০১/২০২১ খ্রি. এর বিপরীতে নগদ ক্রয়কৃত মোট ২৫৯৯ মে.টন ভারতীয় নন-বাসমতি সিদ্ধ চাল নিয়ে ০১ খানা জাহাজ, জি টু জি-০১ (NAFED) তারিখ : ০৬/০১/২০২১ খ্রি. এর বিপরীতে নগদ ক্রয়কৃত মোট ২৭০০ মে.টন ভারতীয় নন-বাসমতি সিদ্ধ চাল নিয়ে ০১ খানা জাহাজ এবং জি টু জি-০৭ (NACOF) তারিখ : ২০/০৪/২০২১ খ্রি. এর বিপরীতে নগদ ক্রয়কৃত মোট ১৬২৫ মে.টন ভারতীয় নন-বাসমতি সিদ্ধ চাল নিয়ে ০১ খানা বার্জ প্রটোকল রুটের মাধ্যমে মোংলায় আগমন করবে/করেছে মর্মে স্থানীয় শিপিং এজেন্ট এর মাধ্যমে জানা যায়। আগতব্য চালবাহী বার্জ হতে চাল প্রেরণের চলাচল সূচি জারির জন্য চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা কর্তৃক সূত্রস্থ ১ নং হতে ৩ নং স্মারকে অনুরোধ করা হয়েছে।

খুলনাস্থ ৪/৭ নং ঘাটের মাধ্যমে আমদানিকৃত ৬৯২৪ মে.টন সিদ্ধ চাল বিভাগের বিভিন্ন এলএসডি/সিএসডিতে মজুতের প্রস্তাব সূত্রস্থ ৪ নং স্মারকে প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে রংপুর, খুলনা ও বরিশাল বিভাগের কতিপয় এলএসডি/সিএসডিতে বিভিন্ন খাতে বিলি-বিতরণ ও আপতকালীন মজুত গড়ে তোলার জন্য বর্তমান মজুত, সাশ্রয়ী রুট বিবেচনায় এবং দ্রুত জাহাজ/বার্জের চাল খালাসের স্বার্থে রেল, সড়ক ও নৌপথে নিম্নোক্তভাবে মোট ৬৯২৪ (+/-) মে.টন নন বাসমতি সিদ্ধ চালের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

**রেল, সড়ক ও নৌপথে আমদানিকৃত নন বাসমতি সিদ্ধ চালের চলাচলসূচি**

| ক্র. নং | জাহাজ/কার্গোর নাম | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | MV. SHAMOLI-6 | ৪ নং/৭ নং ঘাট, খুলনা | নীলফামারী | সৈয়দপুর এলএসডি | ১৩৫০ | আমদানিকৃত নন বাসমতি সিদ্ধ চাল | রেল পথ | মেসার্স সিলভী ট্রেডার্স পরিবহণ করবেন |
| | ঐ | ঐ | কুষ্টিয়া | দৌলতপুর এলএসডি | ১০০ | ঐ | সড়ক পথ | চসনি, খুলনা উপসূচি জারি করবেন |
| | ঐ | ঐ | মাগুরা | শ্রীপুর এলএসডি | ১০০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | সাতক্ষীরা | সাতক্ষীরা এলএসডি | ৭৫ | ঐ | ঐ | |
| | | | | মোট = | ১৬২৫ (+/-) | | | |
| ২. | MV. ZUNAIRAH ZARISHA-4 | মোংলা বন্দর | বরগুনা | পাথরঘাটা এলএসডি | ৩০০ | আমদানিকৃত নন বাসমতি সিদ্ধ চাল | নৌ পথ | |
| | ঐ | ঐ | পটুয়াখালী | পটুয়াখালী এলএসডি | ৬০০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | ঐ | দশমিনা এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | ঝালকাঠি | ঝালকাঠি (গ্রেড-১) এলএসডি | ৬০০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | পিরোজপুর | শ্রীরামকাঠি এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| | ঐ | ঐ | ঐ | ভান্ডারিয়া এলএসডি | ৬০০ (+/-) | ঐ | ঐ | |
| | | | | মোট = | ২৭০০ (+/-) | | | |
| ৩. | MV. ZUNAIRAH ZARISHA-3 | মোংলা বন্দর | খুলনা | খুলনা সিএসডি | ২৫৯৯ (+/-) | আমদানিকৃত নন বাসমতি সিদ্ধ চাল | নৌ/ সড়ক পথ | |
| | | | | মোট = | ২৫৯৯ (+/-) | | | |
| | | | | সর্বমোট = | ৬৯২৪ (+/-) | | | |

*** রেলপথে জারিকৃত সূচি বাস্তবায়ন করা না গেলে সূচিকৃত পরিমাণ চাল খুলনা সিএসডিতে উত্তোলনের ব্যবস্থা গ্রহণ করবেন।**

**নির্দেশনাসমূহ:**

১। এই সূচি বাস্তবায়নের ক্ষেত্রে খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচলসূচি প্রণয়ন নীতিমালা ২০০৮ অনুসরণ করতে হবে।

২। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা' বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং ও ২৯/১১/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১২২৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে;

৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা প্রেরক হিসেবে কার্য সম্পাদন করবেন;

৪। সূচির বিপরীতে প্রেরিতব্য খাদ্যশস্য সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি)/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত খাদ্যশস্যের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সুস্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানি/চসনির বিশেষ তদারকি/নজরদারিতে খাদ্যশস্য প্রেরণ করতে হবে;

৫। চলাচলসূচির আওতায় কোন কীটাক্রান্ত (জীবিত/মৃত) খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সূচিতে উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য প্রকার ও ওয়ারেন্টি মোতাবেক প্রেরণ করতে হবে; প্রতিটি ট্রাক-এ প্রেরিত চালের ভৌত বিশ্লেষণ রিপোর্ট ও নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহণকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য ও বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৬। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) খাদ্যশস্য পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম হলে বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন;

৭। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে  সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না; ভি-ইনভয়েসে পণ্যের গুণগতমান ও ধরন সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপক কেন্দ্র খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে সূচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিডিও এর নিকট প্রেরণ করবেন;

১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। দ্রুত জাহাজ খালাসের লক্ষ্যে যাতে জটিলতা সৃষ্টি না হয় সেজন্য চসনি, খুলনা উপ-সূচির মেয়াদ নির্ধারণ করবেন;

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রযোজ্য ক্ষেত্রে চুক্তিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অপরিবাহিত খাদ্যশস্য জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি অথবা বোঝাইকেন্দ্রে পরিবহণযানসহ উপস্থিত আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে;

১৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং

স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক এই সূচি, উপসূচি, ডিআরটিসি সূচি Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের অনুমোদন রয়েছে।

৩-১-২০২২
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপ-পরিচালক

প্রাপক :
১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
২) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.১৪০৫/১

তারিখ: ১৮ পৌষ ১৪২৮
০২ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:
১) মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
৫) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর
৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ........................................
১০) ব্যবস্থাপক, ............................... সিএসডি
১১) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ....................................... এলএসডি
১২) মেসার্স ........................................., পরিবহণ ঠিকাদার

৩-১-২০২২
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপ-পরিচালক